শেখ হাসিনার উদ্যোগ

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd

ISO 9001:2015

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০২.০০৮.২০. 2862

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ।
২৮ জুন, ২০২০ খ্রিঃ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার-রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার-রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে ই-মেইল এ আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	শিক্ষাগত/ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা সহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি	০১) **বয়স সীমাঃ** প্রার্থীর সবোর্চ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (**১২.০৭.২০২০ খ্রিঃ** তারিখে)। ৩(তিন) বছর মেয়াদী সবোর্চ্চ তিন চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন। ০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন) বছর/০৬(ছয়) বছর/০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। (খন্ডিত চুক্তি/চুক্তি বাতিল/ অপসারণ/চাকুরীচ্যুতদের আবেদন করার প্রয়োজন নাই) ০৩) অন্যান্য যোগ্যতাঃ (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (চাঁপাইনবাবগঞ্জ পবিস) কর্তৃক দ্বিতীয় পক্ষের মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ০৩(তিন) বছর পূর্তির সমাপান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯(নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে। ০৪) **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে।

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইড (web:pbs.chapainawabganj.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং- ১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড অথবা চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর-দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর-দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহ পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **১২.০৭.২০২০ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ই-মেইল chapaipbs@gmail.com এ ছবিসহ আবেদনপত্র, জাতীয় পরিচয় পত্র, সর্বশেষ বেতনের প্রত্যায়নসহ সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক সর্বশেষ বেতনের প্রত্যায়ন পত্র {যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত} স্ক্যান করে PDF ফাইল প্রেরণ করতে হবে।

০২। **যোগদানের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে।**

(ক) ছবি যুক্ত আবেদন ফরম;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ পত্র/ প্রত্যয়ন পত্র" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে;
(চ) সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্রের সত্যায়িত অনুলিপি;

০৩। **বেতন ও ভাতাদিঃ**

নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন সময়ে নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে-

(ক) সাকুল্য বেতন (মূল বেতন+বাড়িভাড়া বাবদ মূল বেতনের ৪০%)।
(খ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমাণ অর্থ।
(গ) মাসিক যাতায়াত ভাতা ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।
(ঘ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।

28.6.2020

(ঙ) মাসিক চিকিৎসা ভাতা ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হবে।
(চ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)।
(ছ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২(দুই)টি "উৎসব বোনাস ও বৈশাখী ভাতা" প্রাপ্য হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।
(জ) সন্তোষজনকভাবে চাকুরী শেষে পবিস হতে পূর্ণ বৎসরের জন্য সর্বশেষ মূল বেতন এর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

০৪। <u>অন্যান্য শর্তাবলীঃ</u>

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।
(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।
(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ্য পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্ন কারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
(ঘ) ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(ঙ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত আছেন এবং অত্র পবিসে আবেদন জমাদানের শেষ তারিখ অর্থাৎ ১২.০৭.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে যাদের চুক্তিকাল শেষ হবে না তারা আবেদন করতে পারবেন না।
(চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।
(ছ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(জ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
(ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
(ঞ) অত্র সমিতির ভৌগোলিক এলাকা তথা চাঁপাইনবাবগঞ্জ জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
(ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।
(ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।
(ড) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।
(ঢ) আবেদন পত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
(ণ) প্রাপ্ত আবেদন পত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূণ্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।
(ত) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

28.06.2020

(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার।

<u>অনুলিপিঃ সদয় অবগতির জন্য</u>

(০১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
(০২) পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(০৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৪) একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
(০৫) জেলা প্রশাসক/পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
(০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .... পবিস-১/২/৩/৪। | বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ।
(০৭) উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/ ভোলাহাট/ গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
(০৮) ডিজিএম, সদর-কারিগরী/শিবগঞ্জ/নাচোল জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
(০৯) এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/প্রশাসন), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
(১০) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার আইটি, চাঁপাইনবাবগঞ্জ পবিস (ফরমসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
(১১) নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।

28.06.2020

(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার।

D:\Jannat DEO\AGM (Admin)\14.100 (Unicode).doc